



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ
পুরাতন বিমানবন্দর সড়ক
এলেনবাড়ী, তেজগাঁও, ঢাকা-১২১৫।



মোটরসাইকেল রেজিস্ট্রেশন এবং লার্নার ডাইভিং লাইসেন্স ইস্যু সংক্রান্ত বিআরটিএ'র বিশেষ বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ০৪-০৬ই অক্টোবর, ২০১৮ তারিখে “৪র্থ জাতীয় উন্নয়ন মেলা-২০১৮” অনুষ্ঠিত হতে যাচ্ছে। মেলা উপলক্ষ্যে সেবা সংশ্লিষ্ট সকলের জন্য সহজলভ্য করার অভিপ্রায়ে ঢাকা মহানগরীর আগারগাঁও এ অবস্থিত বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র সংলগ্ন বাণিজ্য মেলার ভেন্যুতে প্রতিদিন সকাল ১০ ঘটিকা হতে বেলা ১ ঘটিকা পর্যন্ত বিআরটিএ'র ঢাকা মেট্রো-১ সার্কেল, মিরপুর-১৩ কর্তৃক এর আওতাধীন থানাসমূহের মোটরসাইকেল রেজিস্ট্রেশন ও লার্নার ডাইভিং লাইসেন্স ইস্যুপূর্বক স্পটে প্রদান করা হবে। আগ্রহী সেবাগ্রহীতাগণকে মোটরসাইকেল রেজিস্ট্রেশন/লার্নার ডাইভিং লাইসেন্সের জন্য প্রয়োজনীয় কাগজপত্র ও প্রযোজ্য ক্ষেত্রে মোটরসাইকেলসহ নির্ধারিত সময়ের মধ্যে হাজির হওয়ার জন্য অনুরোধ করা যাচ্ছে। নির্ধারিত ব্যাংকের নিকটস্থ শাখা ও বুথে (ব্যাংকের শাখার নাম ও ঠিকানা বিআরটিএ'র ওয়েবসাইট www.brtc.gov.bd এ পাওয়া যাবে) প্রয়োজনীয় ফি জমা দিতে হবে। বাণিজ্য মেলার ভেন্যুতে স্থাপিত ব্যাংকের বিশেষ বুথেও প্রযোজ্য ফি জমা দেয়া যাবে। এছাড়া VISA, Master Card, American Express, Dutch Bangla Bank Ltd. এর সকল কার্ড এবং Dutch Bangla Bank Ltd. এর মোবাইল ব্যাংকিং (রকেট) এর মাধ্যমে (<http://ipaybrta.cnsbd.com>) যে কোন স্থান হতে রেজিস্ট্রেশন ফিসহ অন্যান্য কর ও ফি প্রদান করা যাবে (রেজিস্ট্রেশন ফিসহ সকল প্রকার কর ও ফি এর তালিকাও বিআরটিএ'র ওয়েবসাইটে পাওয়া যাবে)।

মোটরসাইকেল রেজিস্ট্রেশনের জন্য প্রয়োজনীয় কাগজপত্র:-

- ১। মালিক ও আমদানিকারক/ডিলার কর্তৃক যথাযথভাবে পূরণ ও স্বাক্ষর করা নির্ধারিত আবেদনপত্র (এইচ ফরম)। প্রতিষ্ঠান/কোম্পানির মালিকানার ক্ষেত্রে অথরাইজড কর্মকর্তার স্বাক্ষর ও সিলমোহর ব্যাংক অথবা অর্থলগ্নি প্রতিষ্ঠানের সাথে গাড়ির মালিকানার আর্থিক সংশ্লিষ্টতা থাকলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্যাডে রেজিস্ট্রেশন কর্তৃপক্ষ বরাবর আবেদন।
- ২। মালিকের ০৩ (তিন) কপি সদ্য তোলা স্ট্যাম্প সাইজের রজিন ছবি (ব্যক্তিগত মালিকানার ক্ষেত্রে);
- ৩। বিল অব এন্ট্রি, ইনভয়েস, বিল অব লেডিং ও এলসিএ কপি (ফটোকপি আমদানিকারক অথবা শো-রুম মালিক কর্তৃক সত্যায়িত);
- ৪। সেল সার্টিফিকেট/সেল ইন্টিমেশন/বিক্রয় প্রমাণপত্র (আমদানিকারক/বিক্রেতা প্রদত্ত);
- ৫। প্যাকিং লিষ্ট, ডেলিভারী চালান ও ও গেইট পাশ (সিকেডি গাড়ির ক্ষেত্রে);
- ৬। (ক) মূসক-১ (প্রযোজ্য ক্ষেত্রে), (খ) মূসক-১১ (ক)/ভ্যাট (প্রযোজ্য ক্ষেত্রে), (গ) ভ্যাট পরিশোধের চালানসহ (প্রযোজ্য ক্ষেত্রে);
- ৭। সিকেডি মোটরযানের ক্ষেত্রে বিআরটিএ'র টাইপ অনুমোদন ও অনুমোদিত সংযোজনী তালিকা;
- ৮। ব্যাংক/অন-লাইনে ipay এর মাধ্যমে জমাকৃত প্রযোজ্য ফি এর জমা রশিদ;
- ৯। ব্যক্তি মালিকানাধীন আবেদনকারীর ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র/পাসপোর্ট এবং টেলিফোন বিল/বিদ্যুৎ বিল ইত্যাদির যে কোন একটির সত্যায়িত ফটোকপি এবং মালিক প্রতিষ্ঠান হলে প্রতিষ্ঠানের প্যাডে চিঠি।
- ১০। ১২৫ ও তদূর্ধ্ব সিসি ক্ষমতাসম্পন্ন মোটরসাইকেল রেজিস্ট্রেশনের ক্ষেত্রে ৫০ (পঞ্চাশ) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা (অঙ্গীকারনামার নমুনা ওয়েবসাইটে ও স্পটে পাওয়া যাবে)।

লার্নার ডাইভিং লাইসেন্স প্রাপ্তির জন্য করণীয়:

- ১। নির্ধারিত ফরমে আবেদন (ফরম বিআরটিএ'র ওয়েবসাইটে বা স্পটে পাওয়া যাবে);
- ২। আবেদনকারীর ১ (এক) কপি পাসপোর্ট সাইজের ছবি এবং ৩ কপি স্ট্যাম্প সাইজের ছবিসহ মেডিক্যাল ফরমে নিবন্ধিত ডাক্তার প্রদত্ত মেডিক্যাল সার্টিফিকেট;
- ৩। প্রার্থীর জন্ম নিবন্ধন/এসএসসি/স্কুল সার্টিফিকেট/জাতীয় পরিচয়পত্র/পাসপোর্ট এর সত্যায়িত অনুলিপি (আবেদনের তারিখে প্রার্থীর বয়স পেশাদার লাইসেন্সের ক্ষেত্রে কমপক্ষে ২০ এবং অপেশাদার লাইসেন্স এর ক্ষেত্রে কমপক্ষে ১৮ বছর হতে হবে);
- ৪। অস্থায়ী ঠিকানার প্রমাণপত্র হিসেবে গ্যাস/বিদ্যুৎ/টেলিফোন বিলের সত্যায়িত ফটোকপি।
- ৫। ব্যাংক/অন-লাইনে ipay এর মাধ্যমে জমাকৃত প্রযোজ্য ফি এর জমা রশিদ;

শীতাংশু শেখর বিশ্বাস

পরিচালক (অপারেশন)

ফোনঃ ৯১১৩৭১৩